


# যুগান্তর

## রাজশাহী শিক্ষাবোর্ডের অস্থায়ী কর্মচারীদের মানববন্ধন

প্রকাশ : ০৩ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 রাজশাহী ব্যুরো

চাকরি স্থায়ীকরণের দাবিতে রাজশাহী শিক্ষাবোর্ডের অস্থায়ী কর্মচারীরা মানববন্ধন কর্মসূচি পালন করেছেন। বুধবার শিক্ষাবোর্ড প্রাঙ্গণে এ কর্মসূচি পালিত হয়। মানববন্ধন চলাকালে বক্তারা বলেন, ২০ থেকে ২২ বছর শিক্ষাবোর্ডে অস্থায়ী কর্মচারীরা কর্মরত। চাকরি স্থায়ীকরণ না করায় আমরা উচ্চ আদালতের দ্বারস্থ হয়েছি। আদালত ৯০ দিনের মধ্যে চাকরি স্থায়ীকরণের নির্দেশ প্রদান করেন। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ এ আদেশ মানছে না। আমাদের চাকরি স্থায়ীকরণে দ্রুত পদক্ষেপ নেয়া না হলে কঠোর কর্মসূচি গ্রহণ করা হবে। মানববন্ধনে রাজশাহী শিক্ষা বোর্ডের দৈনিক হাজিরাভিত্তিক কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি মুকুল শেখ, সম্পাদক শরিফুল ইসলাম শাহীনসহ বোর্ডের ৬২ অস্থায়ী কর্মচারী অংশ নেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।  
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।